

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৫১.২০১৯/৩০২৪/৮

১৪/০৮/১৪২৬বঙ্গাব্দ

তারিখ: ৩০/০৭/২০১৯খ্রিস্টাব্দ

বিষয় : সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন জিন্দানী ডিগ্রি কলেজের ডিগ্রি (পাস) পর্যায়ের শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ ফজলুল হক, প্রভাষক (মার্কেটিং) কে উচ্চ মাধ্যমিক পর্যায়ের উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে প্যার্টার্নভুক্ত পদে সমন্বয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন জিন্দানী ডিগ্রি কলেজের ডিগ্রি (পাস) পর্যায়ের শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ ফজলুল হক, প্রভাষক (মার্কেটিং) কে উচ্চ মাধ্যমিক স্তরের উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে সমন্বয় করার জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

কলেজটি ডিগ্রি পর্যায়ে এমপিওভুক্ত। বর্তমানে প্রতিষ্ঠানটিতে প্রভাষক (মার্কেটিং) পদে একজন এমপিওভুক্ত আছে। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে কোন শিক্ষক এমপিওভুক্ত নাই।

জনবল কাঠামো-২০১৮ এর ৯ (ii) ধারায় বর্ণিত আছে- “উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যার্টার্নভুক্ত শূন্যপদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে”।

অতএব, ডিগ্রি পর্যায়ের শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ ফজলুল হক, প্রভাষক (মার্কেটিং) কে জনবল কাঠামো-২০১৮ এর ৯ (ii) ধারা মোতাবেক প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে সমন্বয় করতে কোন বাধা নেই।

এমতাবস্থায়, বর্ণিত প্রভাষকের নিয়োগ যথাযথ হলে তাঁর এমপিওভুক্তির লক্ষ্যে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০.০৭.১৯

(ফারহান আফতাব)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

জিন্দানী ডিগ্রি কলেজ

তাড়াশ, সিরাজগঞ্জ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, জিন্দানী ডিগ্রি কলেজ, তাড়াশ, সিরাজগঞ্জ
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ
- ৫। জনাব মোঃ ফজলুল হক, প্রভাষক (মার্কেটিং), জিন্দানী ডিগ্রি কলেজ, তাড়াশ, সিরাজগঞ্জ
- ৬। সংরক্ষণ নথি।